

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২২৮৮

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ এক কাপড়ে সালাত আদায় করা বৈধ

ذِكْرُ الْإِبَاحَةِ أَنْ يُصلِّي الصَّلَوَاتِ فِي الثَّوْبِ الواحد

আরবী

2288- أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ عُمَرَ بْنِ يُوسُفَ قَالَ: حَدَّثَنَا نَصْرُ بْنُ عَلِيٍّ قَالَ: حَدَّثَنَا عَبْدُ الْأَعْلَى بْنُ عَبْدِ الْأَعْلَى قَالَ: حَدَّثَنَا هِشَامُ بْنُ حَسَّانَ عَنْ هِشَامِ بْنِ عُرْوَةَ عَنْ أَبِيهِ عَنْ عُمْرَ بْنِ أَبِي سَلَمَةَ قَالَ: رَأَيْتُ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يُصلِّي في ثوب واحد متوشِّحا به.

الراوي: عُمَر بْن أَبِي سَلَمَةَ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2288 | خلاصة حكم المحدث: صحيح _ ((صحيح أبي داود)) (639): ق.

বাংলা

২২৮৮. উমার বিন আবূ সালামাহ রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে দেখেছি, তিনি এক কাপড়ে তাওয়াশুহ[1] করে সালাত আদায় করেছেন।"[2]

ফুটনোট

- [1] "তাওয়াশশুহ হলো কাপড়ের এক প্রান্ত বাম হাতের নিচ দিয়ে ডান কাঁধের উপর রাখবে আর আরেক প্রান্ত ডান হাতের নিচ দিয়ে নিয়ে বাম কাঁধের উপর রাখবে অতঃপর দুই প্রান্ত বুকের উপর নিয়ে বাধবে।" –অনুবাদক।
- [2] মুসনাদ আহমাদ: ৪/২৬; তিরমিযী: ৩৩৯।



আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ৬৩৯)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ উমর ইবনু আবূ সালামাহ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন